



Bangladesh



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শেরেবাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭।



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২১.০০৪

তারিখঃ ০৭/১০/২০২১ খ্রি.

## ২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ডুপ্লিকেট ভর্তি বাতিল করার সময় বৃদ্ধি প্রসঙ্গে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২০-২১ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি সকল ডিপ্লোমা শিক্ষাক্রমের ডুপ্লিকেট শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক তালিকা ওয়েব সাইটে ([www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd)) লিংকের মাধ্যমে ২৬/০৫/২০২১ খ্রি. তারিখে প্রদান করা হয়েছিল। ইতোপূর্বে ডুপ্লিকেট ভর্তি বাতিলের মেয়াদ ছিল ০৪-১০-২০২১খ্রি. পর্যন্ত। যথাসময়ে প্রতিষ্ঠানের ডুপ্লিকেট ভর্তি জটিলতা নিরসন সম্পন্ন করতে পারেনি বিধায় ১১-১০-২০২১খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত ডুপ্লিকেট ভর্তি বাতিলের সময় বৃদ্ধি করা হলো।

উল্লেখ্য যে, ২০২০ সালে এসএসসি/সমমান উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০-২১ শিক্ষাবর্ষে বিভিন্ন শিক্ষাক্রমে ডুপ্লিকেট ভর্তি আছে, তাদের মূল নম্বরপত্র যেসকল প্রতিষ্ঠানে জমা আছে, তারা অন-লাইনে টিক চিহ্ন প্রদান করার কথা থাকলেও কিছু সংখ্যক প্রতিষ্ঠান কোনটিতেও টিক চিহ্ন প্রদান করেনি। আবার দেখা যাচ্ছে একজন শিক্ষার্থীর জন্য ২টি প্রতিষ্ঠানই টিক চিহ্ন প্রদান করেছে। এ ধরনের সমস্যা সমাধানের জন্য ভর্তিকৃত শিক্ষার্থীর মূল নম্বরপত্র প্রদর্শন করে ১ সেট ফটোকপি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৫১৫ নং কক্ষে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।


২০২০ সালের পূর্বে উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে সংযুক্ত তালিকা মোতাবেক যারা ডুপ্লিকেট ভর্তি হয়ে আছে, তাদের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের রেজিস্ট্রেশন কার্ড, প্রত্যেক পর্বের প্রবেশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), বোর্ড কর্তৃক ইস্যুকৃত মূল নম্বরপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের Approved তালিকা, ডুপ্লিকেট তালিকা ও প্রতিষ্ঠান প্রধানের সুপারিশকৃত ভর্তি বাতিলের আবেদনপত্র “উপ সচিব (রেজিস্ট্রেশন)” বরাবর আবেদনসহ নতুন ভবনের ৫ম তলায় রেজিস্ট্রেশন শাখায় জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

শিক্ষাক্রম	ডুপ্লিকেট বাতিলের তারিখ	মন্তব্য	
		ডুপ্লিকেট বাতিল হলে	ডুপ্লিকেট বাতিল না হলে
সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা শিক্ষাক্রম (ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, কৃষি, ফিসারিজ, ফরেস্ট্রি, লাইভস্টক, মেরিন ও শীপবিল্ডিং) এবং এইচএসসি (বিএম)	০৭-১০-২০২১ খ্রি. ইহতে ১১-১০-২০২১ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত	ডুপ্লিকেট ভর্তি বাতিল হলে বাতিলকৃত শিক্ষার্থীদের তথ্য সরাসরি ফরম ফিলাপের ফাইনাল লিস্টে পাওয়া যাবে। প্রতিষ্ঠানকে সম্ভাব্য তালিকা থেকে নতুন করে ফাইনাল লিস্টে প্রেরণ করতে হবে না। শুধুমাত্র শিক্ষার্থীর ফরম ফিলাপ এর ফি সংশ্লিষ্ট পরীক্ষা শাখার নির্ধারিত সময়ে জমা দিতে হবে। অন্যথায় প্রবেশপত্র ইস্যু করা হবেনা।	ডুপ্লিকেট ভর্তি বাতিল না হলে শিক্ষার্থী ফরম ফিলাপের যোগ্য বলে বিবেচিত হবেনা এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (বিএম/ভোক:) শিক্ষাক্রমে উত্তীর্ণ শিক্ষার্থীরা অন্য শিক্ষাক্রমে ভর্তির আবেদন এবং নিশ্চায়ন করে থাকলে তাদের এসএসসি ও এইচএসসি উত্তীর্ণ নম্বরপত্রের মূলকপি প্রদর্শন ও ফটোকপি জমা প্রদান পূর্বক ডুপ্লিকেট ভর্তি জটিলতা নিরসনের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৫১৫ কক্ষে যোগাযোগ করতে বলা হলো।

বরাবর

সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা ইনস্টিটিউট ও এইচএসসি (বিএম) প্রতিষ্ঠান।

  
০৭/১০/২১  
(রূপক কান্তি বিশ্বাস)

কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।